



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



নম্বর: ১৩.০১.০০০০.০৩২.৪০.০০৩.২০.৭৮

তারিখ: ১৮ কার্তিক ১৪২৭

০৩ নভেম্বর ২০২০

অফিস আদেশ

প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প এর ১৩/০৯/২০২০ তারিখের ০১ নং ইউ.ও নোটে আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প আওতায় **Basic computer training** এ অংশগ্রহণের নিমিত্ত **Training participants** এর জন্য ৮ টি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরে ৫ দিন ব্যাপী ৩৫০০ জনবলকে (প্রতিটি ব্যাচে ২৫ জন করে ১৪০ টি ব্যাচে) প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে।

উক্ত **Basic computer training** এ সার্ভিস সাপোর্ট প্রদানের নিমিত্ত আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা, রাজশাহী, রংপুর, খুলনা, বরিশাল, সিলেট, চট্টগ্রাম এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ (ময়মনসিংহ বিভাগ) এ ২ জন সার্ভিস ইঞ্জিনিয়ার কাজ করার জন্য স্ব স্ব দপ্তরে ১টি করে কক্ষ বরাদ্দ প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

এতে মহাপরিচালকের অনুমোদন রয়েছে।

৩-১১-২০২০

মামুন আল মোর্শেদ চৌধুরী
উপপরিচালক (সংস্থাপন) প্রশাসন বিভাগ

নম্বর: ১৩.০১.০০০০.০৩২.৪০.০০৩.২০.৭৮/১(১৯)

তারিখ: ১৮ কার্তিক ১৪২৭

০৩ নভেম্বর ২০২০

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) পরিচালক, প্রশাসন/ সববি/ চসসা/ হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পটিকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) প্রকল্প পরিচালকের কার্যালয়, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৭, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট।
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি।

৩-১১-২০২০

মামুন আল মোর্শেদ চৌধুরী
উপপরিচালক, উপপরিচালক (সংস্থাপন) প্রশাসন বিভাগ

১১.১০.২০
২৬.১০.২০

প্রশাসন বিভাগ	
<input type="checkbox"/> অতিঃ পরিঃ (প্রশাসঃ) <input type="checkbox"/> উপ পরিঃ (সংস্থাপন) <input type="checkbox"/> উপ পরিঃ (পিপিটি) <input type="checkbox"/> উপ পরিঃ (ত ও মা) <input type="checkbox"/> প্রশাসনিক কর্মকর্তা	<p>পরিচালক</p> <p>তারিখ- 11 OCT 2020</p>

প্রকল্প পরিচালক এর কার্যালয়
আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প
প্রবাসী কল্যান ভবন, লেভেল-১৭
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।

বিষয়ঃ আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্পের প্যাকেজ GD-26 এর আওতায় Basic Computer Training এ অংশগ্রহণের অফিস আদেশ জারীকরণ।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্পের প্যাকেজ GD-26 এর আওতায় Supply, Installation and Commissioning of Desktop PCs and accessories for Food Stock and Market Monitoring System under MFSP and their maintenance support including basic computer training প্যাকেজের জন্য গত ১৩/০৬/২০১৯ তারিখে Smart Technologies (BD) Ltd এর সাথে একটি চুক্তি স্বাক্ষরিত হয়।

চুক্তির আওতায় খাদ্য অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ অধিদপ্তরাধীন সকল স্থাপনা সমূহে আইসিটি যন্ত্রপাতি সরবরাহ করা হবে। চুক্তির আলোকে ইতোমধ্যে ১৬৭৪ টি Desktop PCs এর মধ্যে খাদ্য অধিদপ্তরের বিভিন্ন গোডাউন ও স্থাপনায় ১৪১৭ সরবরাহ করা হয়েছে এবং বাকীগুলো আগামী ১৫ (পনের) দিনের মধ্যে সরবরাহ শেষ হবে। আলোচ্য চুক্তিতে কম্পিউটার পরিচালনার জন্য দেশের ৮টি বিভাগীয় শহরে ৫ দিন ব্যাপী ৩৫০০ জন জনবলকে প্রতিটি ব্যাচে ২৫ জন করে ১৪০ টি ব্যাচে প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে।

এরই ধারাবাহিকতায় Smart Technologies (BD) Ltd. আগামী ২৬/০৯/২০২০ তারিখ হতে Basic computer training শুরু করার জন্য অনুরোধ করেছেন (কপি সংযুক্ত)। উল্লেখ্য ইতোমধ্যে খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায় হতে Training participants এর তালিকা সংগ্রহ করা হয়েছে যার Soft Copy পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সআলো বিভাগ ও খাদ্য অধিদপ্তরের সিস্টেম এনালিস্ট বরাবর ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। খাদ্য অধিদপ্তরের বিভিন্ন স্থাপনা হতে প্রাপ্ত ২৫৫১ জন Training participants এর ব্যাচ ও স্থান অনুযায়ী খসড়া তালিকা প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)। বর্তমানে নির্বাচিত প্রশিক্ষণার্থীদের একটি অফিস আদেশ জারী করা প্রয়োজন।

এ ছাড়া Smart Technologies (BD) Ltd. ৩১/০৮/২০২০ তারিখের পত্রে চুক্তি অনুযায়ী ৩ বছরের সার্ভিস সাপোর্ট দেয়ার জন্য ৮টি বিভাগে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণের অধীনে ১৬ জন (প্রতিটি বিভাগে ২জন) সার্ভিস ইঞ্জিনিয়ার কাজ করবে উল্লেখ পূর্বক তাদের অফিসের ব্যবস্থা করার অনুরোধ করেছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, প্যাকেজ GD-26 এর আওতায় Basic computer training এ অংশ গ্রহণের জন্য Training participants এর অফিস আদেশ জারীসহ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণের কার্যালয়ে ১৬ জন (প্রতিটি বিভাগে ২জন) সার্ভিস ইঞ্জিনিয়ার কাজ করার লক্ষ্যে কক্ষ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক।

প্রাপকঃ

মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা

(মোঃ রেজাউল করিম সেখ)
প্রকল্প পরিচালক

ইউ ও নোট নং - ০১

তারিখঃ ২৬/১০/২০২০

